গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ , ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৩৭.০২.০০০০.১১০.১৮.১২৩.১৭.৩৯৪/১০ | তারিখ: ০৭ আগস্ট, ২০১৯ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৬/৮/২০১৯ তারিখের নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৪২ স্মারকে বর্ণিত পরিপত্রের মর্মানুসারে পবিত্র ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে ডেঙ্গু প্রতিরোধে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ-কে ছুটিকালীন সময়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের রোস্টার ডিউটির তালিকা প্রস্তুত করে আগামী ০৮/০৮/২০১৯ খ্রি. দুপুর ০২.০০ ঘটিকার মধ্যে ddtrainingdshe@gmail.com এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. আঞ্চলিক পরিচালক (সকল) ------------------------------------------------------------
০২. অধ্যক্ষ, সকল (সরকারি ও বেসরকারি কলেজ)--------------------------------------
(তাঁর প্রতিষ্ঠানের রোস্টার ডিউটির তালিকা ddtrainingdshe@gmail.com এ প্রেরণ করবেন)।
০৩. আঞ্চলিক উপপরিচালক (সকল)---------------------------------------------------------
০৪. প্রধান শিক্ষক, সকল (সরকারি ও বেসরকারি বিদ্যালয়) -------------------------------
(তাঁর প্রতিষ্ঠানের রোস্টার ডিউটির তালিকা ddtrainingdshe@gmail.com এ প্রেরণ করবেন)
০৫. জেলা শিক্ষা অফিসার (সকল) ---------------------------------------------------------
(তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে বর্ণিত কার্যক্রম নিশ্চিতপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ddtrainingdshe@gmail.com এ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করবেন)।
০৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) ----------------------------------------------
(তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে বর্ণিত কার্যক্রম নিশ্চিতপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ddtrainingdshe@gmail.com এ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করবেন)।

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. .পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৫. সংরক্ষণ নথি।

০৭/৮/১৯
(প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য্য)
পরিচালক (প্রশিক্ষণ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।

স্মারকনং- উঃমাঃশিঃকা/আটো/পঞ্চ/২০১৯/১৬৪ | তারিখ- ০৮/০৮/২০১৯ খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। প্রতিষ্ঠান প্রধান (সকল), ........................................................ বিদ্যালয়/মাদরাসা।
(উপরিউক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০২। অফিসকপি।

০৮/৮/১৯
(মোঃ তোবারক হুসেন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।
☎ ০৫৬৫২-৫৬০০৮
email: atwariuseo.bd@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৪২

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

## পরিপত্র

চলমান ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ সকল প্রকার কার্যক্রম অব্যাহত রেখেছে। এর ধারাবাহিকতায় দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ডেঙ্গু প্রতিরোধের জন্য সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে। পবিত্র ঈদ-উল আযহার সরকারি ছুটি উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান ১২ দিন বন্ধ থাকবে। স্বভাবতই এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারীগণ উপস্থিত থাকবেন না। এ সময়ে খেলার মাঠ, ফুলের টব, পানি জমে এমন যে কোন পাত্রে এডিস মশার প্রজনন প্রক্রিয়া আরও বেগবান হয়ে উঠতে পারে। এতে সরকার কর্তৃক গৃহীত ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম ক্ষতিগ্রস্থ ও ডেঙ্গুর আরও বিস্তার হওয়ার আশঙ্কা রয়েছে।

২.০ এমতাবস্থায়, পবিত্র ঈদ-উল আযহার ছুটিকালে এডিস মশার প্রজনন রোধে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

২.১। ঈদ-উল-আযহার ছুটির সময় একজন শিক্ষক এর নেতৃত্বে কর্মচারী, স্কাউটস, বি.এন.সি.সি. এবং শিক্ষার্থী সমন্বয়ে ৬ জন থেকে ১০ জনের টিম গঠন করে শিক্ষা প্রতিষ্ঠান এবং এর আশেপাশে যে সব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন: ফুলের টব, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার ট্রে, বাথরুমের পানির বদনা, পানির বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১ দিন অন্তর অন্তর পরিষ্কার করতে হবে।

২.২। বাথরুমের বদনা এবং বালতি পানি শূন্য করে উল্টিয়ে রাখতে হবে। হাইকমোডে হারপিক ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে। বাথরুমের প্যানে হারপিক ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে।

২.৩। কোন জায়গায় জমাটবদ্ধ পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমাটবদ্ধ পানি নিষ্কাশন করতে হবে।

২.৪। আগামী ১২-১৩ আগস্ট, ২০১৯ ব্যতীত প্রত্যহ শিক্ষা প্রতিষ্ঠানের অফিস কক্ষ খোলা রাখতে হবে।

২.৫। রোস্টার ডিউটির মাধ্যমে প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

২.৬। ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমে সিটি কর্পোরেশন/পৌরসভার এ সংক্রান্ত টিমে নিয়োজিত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের কেউ ঈদের ছুটিতে গেলে তদস্থলে উপযুক্ত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৬/০৮/২০১৯
(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৪২

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Scanned by CamScanner

৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা [সকল বিশ্ববিদ্যালয় অনুলিপি প্রেরণ করে নিয়মিত মনিটরিং করার অনুরোধসহ]।
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. বিভাগীয় কমিশনার ............................................ (সকল)।
৭. পুলিশ কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের-কে বর্ণিত কার্যক্রম মনিটরিং করাসহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ]।
৯. জেলা প্রশাসক .................................. (সকল)।
১০. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ...... (সকল)।
১১. আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল)।
১২. উপজেলা নির্বাহী অফিসার ..........................(সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

অসীম ৩১/০৩/২০২০

(অসীম কুমার কর্মকার)
সিনিয়র সহকারী সচিব
ই-মেইল: as.sec3@moedu.gov.bd